তারিখ 31 JUL 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

সংবাদ

# মুন্সীগঞ্জে আন্দোলনরত শিক্ষার্থীদের জামায়াত নেতার হুমকি

প্রতিনিধি মুন্সীগঞ্জ

মুন্সীগঞ্জ আদর্শ মাদ্রাসার অধ্যক্ষ জামাত নেতা মাহাবুবুর রহমান পর্ণগ্রাফি তৈরির প্রতিবাদকারী আন্দোলনরত শিক্ষার্থীদের বাড়িতে বাড়িতে হুমকি দেয়ার অভিযোগ পাওয়া গেছে। অধ্যক্ষের সকল অপকর্ম ঢাকতে এখন আন্দোলকারী শিক্ষার্থীদের বাড়িতে হুমকি দিয়ে বেড়াচ্ছেন মাদ্রাসার অধ্যক্ষ ও তার সহযোগী প্রভাষক খাওয়াত হোসাইন। ভিডিও পর্ণ তৈরি, সমকামিতা ও নানা দুর্নীতির প্রতিবাদে মাদ্রাসার শিক্ষার্থীরা যখন সোচ্ছার তখন অধ্যক্ষ ক্লাসে গিয়ে শিক্ষার্থীদের মুরগীর একটি এনিমেশন ভিডিও দেখিয়ে বিষয়টি মিথ্যা বলে চালিয়ে যাওয়ার চেষ্টা করছেন। মাদ্রাসার একাধিক শিক্ষার্থী জানিয়েছেন যে, সকল শিক্ষার্থীরা মানববন্ধন ও জেলা প্রশাসক বরাবর ডকুমেন্ট প্রদান করেছেন তাদের তিনি নিয়মিত হুমকি দিয়ে আসছেন। এমনই একজন ইব্রাহীম মাদবর। ইব্রাহীম মাদবর জানিয়েছেন মাদ্রাসার বিষয়ে সুপার ও প্রভাষক সাখাওয়াত হোসেন আমার বাবা-মাকে এ সব ব্যাপারে না আগানোর জন্য শাশিয়েছেন। এমন অনেক শিক্ষার্থী অভিযোগ করেছেন। কাউকে মোবাইলের মাধ্যমেও হুমকি প্রদান করা হচ্ছে এমন অভিযোগ পাওয়া গেছে। আর এক ছাত্র রফিকুল ইসলামের বাড়িতে গিয়েও এই দুইজন শাষিয়ে এসেছেন এমন খবর পাওয়া গেছে।

শিক্ষার্থীরা আরও জানান, বিষয়টি ধামাচাপা দেয়ার জন্য অধ্যক্ষ ছাত্রদের মিথ্যা কথা শিখাচ্ছেন। সে কোরআন হাদিস দিয়ে বুঝানোর চেষ্টা করছেন যে মিথ্যা অপবাদ দেয়া গুনাহের কাজ এবং ভিডিওটি কেউ দেখে না থাকলে দেখতে নিষেধ করেছেন। এটি ষড়যন্ত্র করে কেউ তৈরি করে দেখাচ্ছে। এ সকল ভূমিকার ফলে কোমলমতি সকল শিক্ষার্থী ভিডিওটি ইন্টারনেটে দেখার জন্য উদ্বুদ্ধ হবেন এমনটি আশংকা করছেন একাধিক গার্ডিয়ান। মুন্সীগঞ্জ আদর্শ ফাজিল (ডিগ্রি) মাদ্রাসায় নতুন পরিমলের আইনি কোন ব্যবস্থা না নেয়ায় চরম ক্ষোভ বিরাজ করছে। নতুন পরিমল অধ্যক্ষের ভাগিনা সাকিব কামাল ও তার মামা মাহবুবুর রহমানকে